


দৈনিক আজাদী
স্বাধীন বাংলাদেশের প্রথম সংবাদপত্র
প্রতিষ্ঠাতা : আলহাজ্ব মোহাম্মদ আবদুল খালেক




শনিবার | ৮ আগস্ট ২০২৬ | www.edainikazadi.net রেজি, নং-চ-৫৪ | ৬৬তম বর্ষ ৩১৭ সংখ্যা | ২৪ শ্রাবণ ১৪৩৩ সাল | ২৪ সফর ১৪৪৮ হিজরি | ৮ পৃষ্ঠা | ৭ টাকা

# বাঁশখালীর বন্যার্তদের মাঝে প্রিমিয়ার ভার্সিটির ত্রাণ সামগ্রী বিতরণ

সামাজিক দায়বদ্ধতা ও মানবিক মূল্যবোধকে ধারণ করে প্রিমিয়ার ইউনিভার্সিটির উদ্যোগে চট্টগ্রামের বাঁশখালী উপজেলার বন্যায় ক্ষতিগ্রস্ত ৩৫টি পরিবারের মাঝে ঢেউটিন বিতরণ করা হয়েছে গত বুধবার। প্রিমিয়ার ইউনিভার্সিটির সকল শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীর একদিনের বেতনের অর্থ দিয়ে এই ত্রাণ কার্যক্রম পরিচালনা করা হয়। বন্যার কারণে ক্ষতিগ্রস্ত এসব পরিবারের ঘরবাড়ি পুনর্নির্মাণে সহায়তার লক্ষ্যে বরাদ্দকৃত ঢেউটিন প্রিমিয়ার ইউনিভার্সিটির সার্বিক




*প্রিমিয়ার ভার্সিটিতে বাঁশখালীর বন্যার্তদের জন্য ত্রাণ কার্যক্রম উদ্বোধন করছেন উপাচার্য অধ্যাপক এস এম নছরুল কদির*

ব্যবস্থাপনায় সংশ্লিষ্ট উপকারভোগীদের কাছে পৌঁছে দেওয়া হয়।

ত্রাণ কার্যক্রম উদ্বোধন করেন প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক এস. এম. নছরুল কদির। এ সময় উপস্থিত ছিলেন ট্রেজারার ও প্রিমিয়ার ইউনিভার্সিটি ত্রাণ তহবিল পরিচালনা কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. জাহেদ হোছাইন সিকদার, রেজিস্ট্রার মোহাম্মদ ইফতেখার মনির, প্রক্টর ও ত্রাণ তহবিল পরিচালনা কমিটির সদস্য-সচিব মোহাম্মদ সোলাইমান চৌধুরী, স্থাপত্য বিভাগের চেয়ারম্যান ও ত্রাণ তহবিল পরিচালনা কমিটির সদস্য হোসেন মুরাদ। এছাড়াও উপস্থিত ছিলেন ত্রাণ তহবিল পরিচালনা কমিটির সদস্য সহযোগী অধ্যাপক সাইফুদ্দিন মুন্না ও রাশেদ সিকদার।

এ সময় উপাচার্য অধ্যাপক এস. এম. নছরুল কদির বলেন, প্রাকৃতিক দুর্যোগ মানুষের জীবনে অনাকাঙ্ক্ষিত সংকট সৃষ্টি করে। এমন দুর্যোগে ক্ষতিগ্রস্ত মানুষের পাশে দাঁড়ানো শুধু একটি সামাজিক দায়িত্ব নয়, এটি আমাদের নৈতিক ও মানবিক অঙ্গীকার। প্রিমিয়ার ইউনিভার্সিটি সবসময় বিশ্বাস করে যে শিক্ষা কেবল শ্রেণিকক্ষের মধ্যে সীমাবদ্ধ নয়, শিক্ষা মানুষকে মানবিক হতে শেখায়, সমাজের প্রতি দায়িত্বশীল হতে শেখায়। সেই আদর্শ থেকেই আমরা দুর্যোগে ক্ষতিগ্রস্ত মানুষের পাশে দাঁড়ানোর চেষ্টা করে আসছি।

আজ যে ৩৫টি পরিবারের হাতে ঢেউটিন তুলে দেওয়া হলো, তা হয়তো তাদের সব ক্ষতি পূরণ করতে পারবে না, কিন্তু নতুন করে ঘুরে দাঁড়ানোর পথে এটি একটি গুরুত্বপূর্ণ সহায়তা হবে বলে আমরা বিশ্বাস করি। মানুষের মুখে হাসি ফোটানো এবং বিপদের সময়ে তাদের পাশে থাকা আমাদের জন্য সবচেয়ে বড় প্রাপ্তি। ভবিষ্যতেও যেকোনো দুর্যোগ, মানবিক সংকট কিংবা সামাজিক প্রয়োজনে প্রিমিয়ার ইউনিভার্সিটি দেশের মানুষের পাশে থাকবে। আমরা সমাজের সকল বিত্তবান ব্যক্তি, প্রতিষ্ঠান ও সংগঠনকে নিজ নিজ অবস্থান থেকে মানবিক সহায়তার হাত বাড়িয়ে দেওয়ার আহ্বান জানাই। সম্মিলিত উদ্যোগই পারে দুর্যোগ-পরবর্তী পুনর্বাসন কার্যক্রমকে আরও কার্যকর ও টেকসই করে তুলতে।

Ref: Daily Azadi, Date: 08 August 2026, Page: 3, Col: 6
https://edainikazadi.net/index.php?page=1&date=2026-08-8

চট্টগ্রাম শনিবার ৮ আগস্ট ২০২৬

দৈনিক পূর্বকোণ

দেশসেরা আঞ্চলিক দৈনিকের স্বীকৃতিপ্রাপ্ত

রেজিঃ নম্বর-চ-৮৯ । । ৪১তম বর্ষ ১৬৩তম সংখ্যা । । ২৪ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ । । ২৪ সফর ১৪৪৮ হিজরি । । Saturday 8 August 2026 । । ৮ পৃষ্ঠার মূল্য ৭ টাকা

www.dainikpurbokone.net www.edainikpurbokone.net /DailyPurbokone /DailyPurbokone

## *বাঁশখালীতে ৩৫ দুর্গত পরিবারের কৃতজ্ঞতা প্রকাশ*

# প্রিমিয়ার ইউনিভার্সিটির ত্রাণসামগ্রী বিতরণ

প্রিমিয়ার ইউনিভার্সিটির উদ্যোগে বাঁশখালী উপজেলার বন্যায় ক্ষতিগ্রস্ত ৩৫টি পরিবারের মাঝে ঢেউটিন বিতরণ করা হয়েছে গত ৫ আগস্ট। প্রিমিয়ার ইউনিভার্সিটির সকল শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীর একদিনের বেতনের অর্থ দিয়ে এই ত্রাণ কার্যক্রম পরিচালনা করা হয়। বন্যার কারণে ক্ষতিগ্রস্ত এসব পরিবারের ঘরবাড়ি পুনর্নির্মাণে সহায়তার লক্ষ্যে বরাদ্দকৃত ঢেউটিন প্রিমিয়ার ইউনিভার্সিটির সার্বিক ব্যবস্থাপনায় সংশ্লিষ্ট উপকারভোগীদের কাছে পৌঁছে দেওয়া হয়। ত্রাণ কার্যক্রম উদ্বোধন করেন প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক এস. এম. নছরুল কদির। এ সময় উপস্থিত ছিলেন ট্রেজারার ও প্রিমিয়ার ইউনিভার্সিটি ত্রাণ তহবিল পরিচালনা কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. জাহেদ হোছাইন সিকদার, রেজিস্ট্রার মোহাম্মদ ইফতেখার মনির, প্রক্টর ও ত্রাণ তহবিল পরিচালনা কমিটির সদস্য-সচিব মোহাম্মদ সোলাইমান চৌধুরী, স্থাপত্য বিভাগের চেয়ারম্যান ও ত্রাণ তহবিল পরিচালনা কমিটির সদস্য হোসেন মুরাদ। এছাড়াও উপস্থিত ছিলেন ত্রাণ তহবিল পরিচালনা কমিটির সদস্য সহযোগী অধ্যাপক সাইফুদ্দিন মুন্না ও রাশেদ সিকদার। ত্রাণ বিতরণকালে উল্লিখিত ৩৫টি পরিবার প্রিমিয়ার ইউনিভার্সিটির এই মানবিক উদ্যোগের প্রতি আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করেন। -বিজ্ঞপ্তি




*প্রিমিয়ার ইউনিভার্সিটিতে বাঁশখালীর বন্যার্তদের জন্য ত্রাণ কার্যক্রম উদ্বোধন করছেন উপাচার্য অধ্যাপক এস. এম. নছরুল কদির*

Ref: Daily Purbokone, Date: 08 August 2026, Page: 3, Col: 4
https://www.edainikpurbokone.net/index.php?page=3&date=2026-08-08

শনিবার
চট্টগ্রাম
৮ আগস্ট ২০২৬
২৪ শ্রাবণ ১৪৩৩
২৪ সফর ১৪৪৮
বর্ষ-১৪, সংখ্যা-২২১

দৈনিক পূর্বদেশ
Dainik Purbodesh

www.dailypurbodesh.com
প্রতিষ্ঠাতা : আলহাজ্ব মাস্টার নজির আহমদ
৮ পৃষ্ঠার দাম ৭ টাকা

টানা ৪বার সুপারব্র্যান্ড স্বীকৃতি
বসুন্ধরা পেপার
A4



ত্রাণ কার্যক্রম উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক এস এম নছরুল কদির

# প্রিমিয়ার ইউনিভার্সিটির উদ্যোগে বন্যার্তদের মাঝে ত্রাণ বিতরণ

সামাজিক দায়বদ্ধতা ও মানবিক মূল্যবোধকে ধারণ করে প্রিমিয়ার ইউনিভার্সিটির উদ্যোগে চট্টগ্রামের বাঁশখালী উপজেলার বন্যায় ক্ষতিগ্রস্ত ৩৫টি পরিবারের মাঝে ঢেউটিন বিতরণ করা হয়েছে। ৫ আগস্ট প্রিমিয়ার ইউনিভার্সিটির সকল শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীর একদিনের বেতনের অর্থ দিয়ে এই ত্রাণ কার্যক্রম পরিচালনা করা হয়। বন্যার কারণে ক্ষতিগ্রস্ত এসব পরিবারের ঘরবাড়ি পুনর্নির্মাণে সহায়তার লক্ষ্যে বরাদ্দকৃত ঢেউটিন প্রিমিয়ার ইউনিভার্সিটির সার্বিক ব্যবস্থাপনায় সংশ্লিষ্ট উপকারভোগীদের কাছে পৌঁছে দেওয়া হয়। ত্রাণ কার্যক্রম উদ্বোধন করেন প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক এস. এম. নছরুল কদির। এ সময় উপস্থিত ছিলেন ট্রেজারার ও প্রিমিয়ার ইউনিভার্সিটি ত্রাণ তহবিল পরিচালনা কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. জাহেদ হোছাইন সিকদার, রেজিস্ট্রার মোহাম্মদ ইফতেখার মনির, প্রক্টর ও ত্রাণ তহবিল পরিচালনা কমিটির সদস্য-সচিব মোহাম্মদ সোলাইমান চৌধুরী, স্থাপত্য বিভাগের চেয়ারম্যান ও ত্রাণ তহবিল পরিচালনা কমিটির সদস্য হোসেন মুরাদ। এছাড়াও উপস্থিত ছিলেন ত্রাণ তহবিল পরিচালনা কমিটির সদস্য সহযোগী অধ্যাপক সাইফুদ্দিন মুন্না ও রাশেদ সিকদার।এ সময় উপাচার্য অধ্যাপক এস এম নছরুল কদির বলেন, প্রাকৃতিক দুর্যোগ মানুষের জীবনে অনাকাঙ্ক্ষিত সংকট সৃষ্টি করে। এমন দুর্যোগে ক্ষতিগ্রস্ত মানুষের পাশে দাঁড়ানো শুধু একটি সামাজিক দায়িত্ব নয়, এটি আমাদের নৈতিক ও মানবিক অঙ্গীকার। প্রিমিয়ার ইউনিভার্সিটি সবসময় বিশ্বাস করে যে শিক্ষা কেবল শ্রেণিকক্ষের মধ্যে সীমাবদ্ধ নয়; শিক্ষা মানুষকে মানবিক হতে শেখায়, সমাজের প্রতি দায়িত্বশীল হতে শেখায়। সেই আদর্শ থেকেই আমরা দুর্যোগে ক্ষতিগ্রস্ত মানুষের পাশে দাঁড়ানোর চেষ্টা করে আসছি।

আজ যে ৩৫টি পরিবারের হাতে ঢেউটিন তুলে দেওয়া হলো, তা হয়তো তাদের সব ক্ষতি পূরণ করতে পারবে না, কিন্তু নতুন করে ঘুরে দাঁড়ানোর পথে এটি একটি গুরুত্বপূর্ণ সহায়তা হবে বলে আমরা বিশ্বাস করি। মানুষের মুখে হাসি ফোটানো এবং বিপদের সময়ে তাদের পাশে থাকা আমাদের জন্য সবচেয়ে বড় প্রাপ্তি। ভবিষ্যতেও যেকোনো দুর্যোগ, মানবিক সংকট কিংবা সামাজিক প্রয়োজনে প্রিমিয়ার ইউনিভার্সিটি দেশের মানুষের পাশে থাকবে। আমরা সমাজের সকল বিত্তবান ব্যক্তি, প্রতিষ্ঠান ও সংগঠনকে নিজ নিজ অবস্থান থেকে মানবিক সহায়তার হাত বাড়িয়ে দেওয়ার আহ্বান জানাই। সম্মিলিত উদ্যোগই পারে দুর্যোগ-পরবর্তী পুনর্বাসন কার্যক্রমকে আরও কার্যকর ও টেকসই করে তুলতে।

ত্রাণ বিতরণকালে উল্লিখিত ৩৫টি পরিবার প্রিমিয়ার ইউনিভার্সিটির এই মানবিক উদ্যোগের প্রতি আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করেন। স্থানীয়রা বলেন, বন্যায় ক্ষতিগ্রস্ত পরিবারগুলোর জন্য ঢেউটিন অত্যন্ত প্রয়োজনীয় সহায়তা, যা তাদের ক্ষতিগ্রস্ত বসতঘর পুনর্নির্মাণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। বিজ্ঞপ্তি

Ref: Daily Purbodesh, Date: 08 August 2026, Page: 2, Col: 4

https://epurbodesh.com/index.php?page=1&date=2026-08-8

চট্টগ্রাম • শনিবার • ৮ আগস্ট ২০২৬ • ২৪ শ্রাবণ ১৪৩৩ • ২৪ সফর ১৪৪৮
৮ পৃষ্ঠা • মূল্য ৭ টাকা
চট্টগ্রাম • রেজি. নম্বর ৪৫০ • বর্ষ ২২ সংখ্যা ৩৩৩

প্রতিটি প্রভাত হোক সুপ্রভাত

# সুপ্রভাত

সুপ্রভাত বাংলাদেশ | SUPROBHAT BANGLADESH

suprobhat.com | esuprobhat.com | facebook.com/suprobhat




৩ ৬ মাসে যুক্তরাষ্ট্রে পোশাক রপ্তানি কমেছে ৫.৭৫ শতাংশ

৫ তারেক রহমানের নেতৃত্বেই সফল হয়েছিল জুলাই গণঅভ্যুত্থান : শামীম

৬ 'দেশে ফিরে খেলার সুযোগ নেই সাকিবের'

সম্পাদকীয়
বেড়েছে দাম, হিমসিম খাচ্ছে নিম্ন আয়ের মানুষ
বিস্তারিত ▶ পৃষ্ঠা : ২




প্রিমিয়ার ইউনিভার্সিটিতে বাঁশখালীর বন্যার্তদের জন্য ত্রাণ কার্যক্রম উদ্বোধন করছেন উপাচার্য অধ্যাপক এস. এম. নছরুল কদির

# বাঁশখালীর বন্যার্তদের মাঝে প্রিমিয়ার ইউনিভার্সিটির ত্রাণ সামগ্রী বিতরণ

সামাজিক দায়বদ্ধতা ও মানবিক মূল্যবোধকে ধারণ করে প্রিমিয়ার ইউনিভার্সিটির উদ্যোগে চট্টগ্রামের বাঁশখালী উপজেলার বন্যায় ক্ষতিগ্রস্ত ৩৫টি পরিবারের মাঝে ঢেউটিন বিতরণ করা হয়েছে ৫ আগস্ট। প্রিমিয়ার ইউনিভার্সিটির সকল শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীর একদিনের বেতনের অর্থ দিয়ে এই ত্রাণ কার্যক্রম পরিচালনা করা হয়। বন্যার কারণে ক্ষতিগ্রস্ত এসব পরিবারের ঘরবাড়ি পুনর্নির্মাণে সহায়তার লক্ষ্যে বরাদ্দকৃত ঢেউটিন প্রিমিয়ার ইউনিভার্সিটির সার্বিক ব্যবস্থাপনায় সংশ্লিষ্ট উপকারভোগীদের কাছে পৌঁছে দেওয়া হয়। ত্রাণ কার্যক্রম উদ্বোধন করেন প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপাচার্য অধ্যাপক এস. এম. নছরুল কদির। এ সময় উপস্থিত ছিলেন মাননীয় ট্রেজারার ও প্রিমিয়ার ইউনিভার্সিটি ত্রাণ তহবিল পরিচালনা কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. জাহেদ হোছাইন সিকদার, রেজিস্ট্রার মোহাম্মদ ইফতেখার মনির, প্রক্টর ও ত্রাণ তহবিল পরিচালনা কমিটির সদস্য-সচিব মোহাম্মদ সোলাইমান চৌধুরী, স্থাপত্য বিভাগের চেয়ারম্যান ও ত্রাণ তহবিল পরিচালনা কমিটির সদস্য হোসেন মুরাদ।

এছাড়াও উপস্থিত ছিলেন ত্রাণ তহবিল পরিচালনা কমিটির সদস্য সহযোগী অধ্যাপক সাই-ফুদ্দিন মুন্না ও জনাব রাশেদ সিকদার। এ সময় উপাচার্য অধ্যাপক এস. এম. নছরুল কদির বলেন, প্রাকৃতিক দুর্যোগ মানুষের জীবনে অনাকাঙ্ক্ষিত সংকট সৃষ্টি করে। এমন দুর্যোগে ক্ষতিগ্রস্ত মানুষের পাশে দাঁড়ানো শুধু একটি সামাজিক দায়িত্ব নয়, এটি আমাদের নৈতিক ও মানবিক অঙ্গীকার। বিজ্ঞপ্তি

Ref: Daily Suprobhat Bangladesh, Date: 08 August 2026, Page: 5, Col: 5
https://esuprobhat.com/index.php?page=1&date=2026-08-8